গত সাতদিন

(১৯.০৮.২০১৪–২৫.০৮.২০১৪)

২০০০ ডেস্ক

আইন-শৃঙ্খলা

পুলিশের অভিযানে ইয়াবাসহ ৪ জন আটক

রাজধানীর খিলগাঁও এলাকা থেকে ৫৫ হাজার পিস ইয়াবাসহ ৪ জনকে আটক করেছে মহানগর পুলিশ। ২৪ আগস্ট গভীর রাতে ওই এলাকায় অভিযান চালিয়ে ইয়াবা উদ্ধার করা হয়। এ সময় তাদের কাছ থেকে একটি গাড়ি ও যন্ত্রপাতি উদ্ধার করা হয়। ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া সেন্টারের অতিরিক্ত উপ-কমিশনার (এডিসি) সাইদুর রহমান বলেন, গোপন সংবাদের ভিত্তিতে ওই এলাকায় অভিযান চালিয়ে এ বিপুলসংখ্যক ইয়াবা উদ্ধার করা হয়েছে। ধারণা করা হচ্ছে, সম্প্রতি ডিএমপির উদ্ধার অভিযানের মধ্যে এটিই সবচেয়ে বড় ঘটনা।

বন্যা

বন্যার আরো অবনতি

বৃষ্টি আর উজান থেকে নামা পাহাড়ি ঢল দুইয়ের কোনোটি না থামায় দেশের উত্তরাঞ্চলের বিভিন্ন জেলায় বন্যার আরো অবনতি হয়েছে। গত এক সপ্তাহের বেশি সময় ধরে ডুবে রয়েছে কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারীসহ কয়েকটি জেলার চর, নদী তীরবর্তী এলাকা ও নিম্নাঞ্চল। পানিবন্দি হয়ে রয়েছে লাখ লাখ মানুষ। বৃষ্টির মধ্যে খোলা আকাশের নিচে মানবেতর জীবনযাপন করছে অনেকে। নেই খাবার পানি, পর্যাপ্ত খাদ্য ও জ্বালানি। সঙ্গে যোগ হওয়া নদীর তীব্র ভাঙনে বসতভিটা, চাষের জমি, সহায়-সম্বল হারিয়ে অসংখ্য মানুষের অসহায়ত্ব ক্রমে বেড়েই চলছে। গাইবান্ধার সুন্দরগঞ্জে ভারী বর্ষণে তিস্তার পানি বেড়েছে। নতুন করে প্লাবিত হয়েছে উপজেলার দহবন্দ ও শ্রীপুর ইউনিয়ন। এ নিয়ে উপজেলাটির ৮টি ইউনিয়ন প্লাবিত হলো। কুড়িগ্রামের ব্রহ্মপুত্র তীরের এলাকাগুলোতে দেখা দিয়েছে ভাঙন। গত আট দিন ধরে ৫৩টি ইউনিয়নের ২৩৬টি গ্রাম পানির নিচে ডুবে আছে। জামালপুরের সরিষাবাড়ীতে ২৪ আগস্ট নতুন করে প্লাবিত হয় আরো পাঁচটি গ্রাম। রাজবাড়ীর গোয়ালন্দে পদ্মার পানি বেড়ে উপজেলার তিনটি ইউনিয়নে পানিবন্দি হয়ে পড়েছে কয়েকশ পরিবার। আগামী তিন থেকে চারদিনে বন্যার আরো অবনতি হওয়ার আশঙ্কা রয়েছে।

পটুয়াখালীর বন্যাদুর্গত এলাকা

মন্ত্রিসভা

মেয়াদ বাড়ল বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি আইনের

বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) (সংশোধন) আইন-২০১৪-এর খসড়া ভেটিং সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। ২৫ আগস্ট সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভায় এ অনুমোদন দেয়া হয়। ক্রমবর্ধমান বিদ্যুৎ ও জ্বালানির চাহিদা মেটাতে দ্রুত পদক্ষেপ নিতে ২০১০ সালে এ আইনটি করা হয়েছিল। আইনটি কার্যকর প্রমাণিত হয়েছে। পরে দুই দফা দুই বছর করে আইনের মেয়াদ বাড়ানো হয়। আগামী ১১ অক্টোবর আইনের মেয়াদ শেষ হচ্ছে। এখন বিদ্যুৎ বিভাগ আরো চার বছর আইনের মেয়াদ বাড়ানোর প্রস্তাব দিয়েছে। মন্ত্রিসভা আইন মন্ত্রণালয়ের মতামত (ভেটিং) সাপেক্ষে এ প্রস্তাব অনুমোদন দিয়েছে। এছাড়া বৈঠকে বাংলাদেশ নার্সিং ও মিওয়াইফারি কাউন্সিল আইন, ২০১৪-এর খসড়াও অনুমোদন দেয়া হয়েছে।

রাজনীতি

২০ দলীয় জোটের কর্মসূচি

তিন দিনের কর্মসূচির ডাক দিয়েছে বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোট। সংবাদ সম্মেলন করে এ কর্মসূচির ঘোষণা দেন বিএনপির দপ্তরের দায়িত্বপ্রাপ্ত যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী আহমেদ। ২৫ আগস্ট সকালে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। কর্মসূচির মধ্যে রয়েছে, সংসদে বিচারপতিদের অভিশংসন ক্ষমতার আইন প্রণয়নের উদ্যোগের প্রতিবাদে ২৬ আগস্ট সারাদেশে জেলা ও মহানগরে প্রতিবাদ মিছিল ও সমাবেশ। তবে এদিন ঢাকা মহানগর এ কর্মসূচির আওতামুক্ত থাকবে। একই দাবিতে ২৭ আগস্ট ঢাকা মহানগরের ১৫ স্থানে প্রতিবাদ মিছিল ও সমাবেশ করবে ২০ দল। ৩০ আগস্ট আন্তর্জাতিক গুম দিবস উপলক্ষে ঢাকা মহানগরীসহ সারাদেশে জেলা ও মহানগরে মানববন্ধন করা হবে বলে জানা যায়।

আইন-আদালত

জামায়াত নেতা মাসুদের ১৪ দিনের রিমান্ড মঞ্জুর

রাজধানীর মতিঝিল থানার ৪ মামলা ও রমনা থানার ২ মামলায় জামায়াতের কর্মপরিষদ সদস্য ও শিবিরের সাবেক সভাপতি ডা. শফিকুল ইসলাম মাসুদের ১৪ দিনের রিমান্ড মঞ্জুর করেছে আদালত। ২৫ আগস্ট সকালে ৫ দিনের রিমান্ড শেষে ডা. মাসুদকে সিএমএম আদালতে হাজির করা হয়। এ সময় ওই ৬ মামলায় ৯ দিন করে মোট ৫৪ দিনের রিমান্ডের আবেদন জানায় ডিবি পুলিশ। আদালত পৃথক শুনানি শেষে মতিঝিল থানার মামলায় ৯ দিন ও রমনা থানার ২ মামলায় ৫ দিনসহ মোট ১৪ দিনের রিমান্ড মঞ্জুর করেন। গোপন বৈঠক করার সময় গত ৯ আগস্ট রাত সাড়ে ৮টার দিকে রাজধানীর মোহাম্মদপুরের একটি বাসা থেকে ডা. শফিকুল ইসলাম মাসুদসহ ২০ নেতা-কর্মীকে গ্রেফতার করে

সপ্তাহের উক্তি

'একবার নৌকা ছাড়া ভোট দিয়ে দেখেন না কী হয়। কথা দিচ্ছি, আর কোনো অভিযোগ থাকবে না।'
এইচ এম এরশাদ, চেয়ারম্যান, জাতীয় পার্টি
পূজা উদ্‌যাপন পরিষদের প্রতিনিধিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে। (প্রথম আলো, ২০ আগস্ট)

'আর কয়দিন পর হয়তো এমন নীতিমালাও সরকার করবে, তাতে সাংবাদিকদের হলুদ জামা আর কলামিস্টদের হাফপ্যান্ট পরতে হবে।'
সৈয়দ আবুল মকসুদ, কলামিস্ট
সম্প্রচার নীতিমালা প্রসঙ্গে গোলটেবিল বৈঠকে। (প্রথম আলো, ২২ আগস্ট)

'খাদ্যে ভেজালের কারণে বর্তমানে দেশের ৩ কোটিরও বেশি মানুষ কিডনি রোগে ভুগছে।'
ড. সিতেশ সি বাচার, চেয়ারম্যান, ফার্মেসি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
ওষুধ ও খাদ্যে ভেজাল প্রতিরোধে এবং কৃষিজাত দ্রব্যে মাত্রাতিরিক্ত কীটনাশক ব্যবহার বন্ধে আশু করণীয় শীর্ষক সেমিনারে। (সমকাল, ২৫ আগস্ট)

'আসুক, এবার দেখি কে গ্যাস সংযোগ কাটতে আসে।'
লিয়াকত হোসেন, সাংসদ
অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করতে এলে তা প্রতিহত করার হুমকি দিয়ে। (প্রথম আলো, ১৯ আগস্ট)

'ক্ষতিগ্রস্ত ৭০০ পরিবারের তালিকা দিয়ে পেয়েছি মাত্র ১০০ পরিবারের সহায়তা।'
আবদুল লতিফ খান, চেয়ারম্যান
নীলফামারীর ডিমলার পূর্ব ছাতনাই ইউপির বন্যায় অপ্রতুল সরকারি সহায়তা প্রসঙ্গে। (প্রথম আলো, ২৩ আগস্ট)

'কাকাগো সাথে মাস্থলি কইরা আসলাম।'
জনৈক ট্রাকচালক
ট্রাফিক পুলিশের সঙ্গে টাকা দিয়ে সমঝোতা করার পর এক দৈনিক পত্রিকায়। (কালের কণ্ঠ, ২৫ আগস্ট)

মোহাম্মদপুর থানা পুলিশ। পরে ২ মামলায় ১১ দিনের রিমান্ডে নেয়া হয় মাসুদকে। বাকি ১৯ জনকে বিভিন্ন মেয়াদে রিমান্ডে নেয়া হয়।

মানবতাবিরোধী অপরাধ

আজহারের বিরুদ্ধে যুক্তি উপস্থাপন

মানবতাবিরোধী অপরাধের অভিযোগে ট্রাইব্যুনালের আদেশে রাজধানীর মগবাজারের নিজ বাসা থেকে ২০১২ সালের ২২ আগস্ট জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল এটিএম আজহারুল ইসলামকে গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধে রংপুর অঞ্চলে ১ হাজার ২শ ২৫ ব্যক্তিকে গণহত্যা, চারজনকে হত্যা, ১৭ জনকে অপহরণ, একজনকে ধর্ষণ, ১৩ জনকে আটক ও ১৩ জনকে নির্যাতন করা এবং শত শত বাড়িঘরে অগ্নিসংযোগের অভিযোগ রয়েছে। তার বিরুদ্ধে মানবতাবিরোধী মামলায় ৬টি অভিযোগের ওপর যুক্তিতর্ক উপস্থাপন শেষ হয়েছে। গত বছরের ২৬ ডিসেম্বর থেকে আজহারের বিরুদ্ধে সাক্ষ্যগ্রহণ শুরু হয়।

আইন সংশোধন

মানবদেহে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন আইন

মানবদেহে সংযোজনের জন্য অঙ্গ-প্রত্যঙ্গ দানকে উৎসাহিত করার লক্ষ্যে আইন সংশোধন করতে যাচ্ছে সরকার। মানুষের মস্তিষ্কের মৃত্যুর (ব্রেইন ডেথ) পর তার বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গ অসুস্থ ব্যক্তির দেহে সংযোজন করার সুযোগ থাকছে এ আইনে। মূলত ওই ব্যক্তি বা তার উত্তরাধিকারের সম্মতিতে অঙ্গ প্রত্যঙ্গ অন্যকে দান করা যাবে। কিডনি, হৃৎপিণ্ড, যকৃৎ, অগ্ন্যাশয়, অস্থি, অস্থিমজ্জা, চোখ, চামড়া, টিস্যুসহ মানবদেহে সংযোজনযোগ্য যে কোনো অঙ্গ প্রত্যঙ্গ সংযোজনের ক্ষেত্রে ওই আইনটি অনুসরণ করতে হবে। এ মুহূর্তে মানবদেহে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন আইন, ১৯৯৯-এর আওতায় জীবিত ব্যক্তিরা তাদের কিডনি ও যকৃৎ প্রতিস্থাপনের জন্য দান করতে পারেন। এছাড়া মরণোত্তর চক্ষুদানের সুযোগ রয়েছে। তবে সংযোজনের জন্য অন্য অঙ্গ-প্রত্যঙ্গ দান এখনো শুরু হয়নি। আইনের প্রস্তাবিত সংশোধনীতে বলা হয়েছে, ১৮ বছরের ওপরে এবং ৬৫ বছর বয়সের নিচে আগ্রহী ব্যক্তি তার অঙ্গ-প্রত্যঙ্গ কে পাবেন, তা তার জীবদ্দশায় লিখে রেখে (উইল) যেতে পারবেন। কেউ যদি আগে থেকে উইল না করে যান, ব্রেইন ডেথ ঘোষণার পর তার আইনানুগ উত্তরাধিকারী লিখিত অনুমতি দিতে পারেন। এছাড়া কোনো ব্যক্তির মৃত্যুর ২৪ ঘণ্টার মধ্যে কেউ যদি মৃতদেহ দাবি না করে, সেক্ষেত্রে মৃতদেহের প্রশাসনিক কর্তৃত্ব (সাধারণ জেলা প্রশাসক) যার ওপর, তিনি বা তার মনোনীত ব্যক্তি অনুমতি দিতে পারবেন।

অর্থনীতি

পাটপণ্যের বাজারে মন্দা

বিশ্ববাজারে বাংলাদেশে তৈরি পাটজাত পণ্যের রফতানি বছরখানেক ধরেই কমছে। তাই পাটকল মালিকদের ভরসা ছিল দেশের অভ্যন্তরীণ বাজার। কিন্তু দেশে পাটপণ্যের বিক্রি তো বাড়েইনি, উল্টো কমে গেছে। ফলে পাটকলগুলোতে এখন পণ্যের স্তূপ জমে গেছে। সরকারি সংস্থা পাট অধিদপ্তর বলছে, গেল ২০১৩-১৪ অর্থবছর শেষে দেশের পাটকলগুলোতে পাটপণ্যের মজুদ দাঁড়িয়েছে ১ লাখ ৬৯ হাজার ২১০ টনে। আগের অর্থবছর শেষে মজুদ ছিল ১ লাখ ৪ হাজার ২৭৬ টন পাটপণ্য।

সীমান্ত

টহল জোরদার হবে

সীমান্তে অপরাধমূলক কর্মকাণ্ড রোধে বাংলাদেশ ও ভারতের সীমান্তরক্ষীরা যৌথ টহল জোরদার করতে সম্মত হয়েছেন। দুই প্রতিবেশী দেশের সীমান্তরক্ষীদের এই অঙ্গীকারের মধ্য দিয়ে ২৪ আগস্ট বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) মহাপরিচালক পর্যায়ের বৈঠক শেষ হয়েছে। নয়াদিল্লিতে বিএসএফ সদর দপ্তরে পাঁচ দিনের এ বৈঠক অনুষ্ঠিত হয়। এদিকে বাংলাদেশের আপত্তির কারণে আলোচনার যৌথ সম্মত ঘোষণায় 'অনুপ্রবেশ' প্রসঙ্গ রাখা হয়নি। ফেলানী খাতুন হত্যা মামলার দ্রুত নিষ্পত্তি ও ন্যায়বিচারের আশ্বাসও দিয়েছে ভারত।

পররাষ্ট্র

দ্বিপক্ষীয় বাণিজ্য বাড়াতে আগ্রহী ত্রিপুরা রাজ্য সরকার

ত্রিপুরা বাংলাদেশের সঙ্গে দ্বিপক্ষীয় বাণিজ্য বৃদ্ধির ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছে। আশুগঞ্জ নদীবন্দরের অবকাঠামো উন্নয়নের মাধ্যমে নদীপথে দুই এলাকার বাণিজ্যিক সুবিধা বাড়াতে ত্রিপুরা বাংলাদেশের সহযোগিতা কামনা করেছে। ত্রিপুরা রাজ্য সরকারের শিল্পমন্ত্রী তপন চক্রবর্তী বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেননের সঙ্গে ২৩ আগস্ট সৌজন্য সাক্ষাৎকালে এ আশাবাদ ব্যক্ত করেন। সাক্ষাৎকালে পর্যটনমন্ত্রী বাংলাদেশের মহান স্বাধীনতা সংগ্রামে ভারত সরকার বিশেষ করে ত্রিপুরার ঐতিহাসিক ভূমিকা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে বলেন, বাংলাদেশ ও ভারত প্রতিবেশী বন্ধুপ্রতিম দুটি দেশের মধ্যে বিদ্যমান চমৎকার সম্পর্ক আগামী দিনগুলোতে আরো সুদৃঢ় হবে।